

Visit of External Affairs Minister to Maldives and Sri Lanka (January 18-20, 2023)

January 17, 2023

বিদেশ মন্ত্রীর মালদ্বীপ এবং শ্রীলঙ্কা সফর (জানুয়ারি 18-20, 2023)

জানুয়ারি 17, 2023

ভারতের বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর 18-20 জানুয়ারি সরকারি সফরে মালদ্বীপ ও শ্রীলঙ্কা যাচ্ছেন।

2. সফরে মাননীয় বিদেশ মন্ত্রী মালদ্বীপের রাষ্ট্রপতি মাননীয় ইব্রাহিম মহম্মদ সলির সাথে সাক্ষাৎ করবেন এবং মালদ্বীপের বিদেশ মন্ত্রী মাননীয় আব্দুল্লা সাহিদের সাথে আলোচনা করবেন। বিদেশ মন্ত্রীর সফরে দ্বিপাক্ষিক সহযোগিতার উন্নয়নকল্পে চুক্তি, গ্রাউন্ড রেকিং/ উদ্বোধন / ভারত সমর্থিত একাধিক প্রকল্প যা মালদ্বীপের সামাজিক- অর্থনৈতিক উন্নয়নে সাহায্য করবে তার উদ্বোধন এবং হস্তান্তর সম্পন্ন হবে।

3. 2021 সালের জানুয়ারিতে এবং 2022 সালের মার্চে মাননীয় বিদেশ মন্ত্রীর শ্রীলঙ্কা সফরের অনুসরণেই এই সফর। শ্রীলঙ্কা ভারতের ঘনিষ্ঠ বন্ধু ও প্রতিবেশী এবং ভারত সর্বদাই সে দেশের জনগণের পাশে দাঁড়িয়েছে। সফরে মাননীয় বিদেশমন্ত্রী শ্রীলঙ্কার রাষ্ট্রপতি মাননীয় রনিল বিক্রমসিঙ্ঘের সাথে এবং মাননীয় প্রধানমন্ত্রী দিনেশ গুনবর্ধনের সাথে সাক্ষাৎ করবেন এবং মাননীয় বিদেশমন্ত্রী এম ইউ এম আলি সরির সাথে সমগ্র ভারত-শ্রীলঙ্কা অংশীদারিত্ব ও সর্বক্ষেত্রে তা আরও শক্তিশালী করার পদক্ষেপ নিয়ে আলোচনা করবেন।

4. মালদ্বীপ এবং শ্রীলঙ্কা উভয়েই ভারত মহাসাগর অঞ্চলে ভারতের গুরুত্বপূর্ণ প্রতিবেশী এবং প্রধানমন্ত্রীর ‘সাগর’ (অঞ্চলের সবার জন্য নিরাপত্তা ও বৃদ্ধি) ও ‘প্রতিবেশী প্রথম’ দর্শনে গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। মাননীয় বিদেশমন্ত্রীর এই সফর, ভারত মালদ্বীপ ও শ্রীলঙ্কার সাথে ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখার বিষয়ে কতখানি গুরুত্ব দেয়, তার প্রমাণ।

নিউ দিল্লি

জানুয়ারি 17, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.